# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭২

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬০. দৌড়ে নামাযের জন্য যাওয়া।

## باب السَّعْىِ إِلَى الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا عَنْبَسَةُ، أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَابٍ، أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ، وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِذَا أُقِيمَتِ الصَّلاَةُ فَلاَ تَأْتُوهَا تَسْعَوْنَ وَأْتُوهَا تَمْشُونَ وَعَلَيْكُمُ السَّكِينَةُ فَمَا أَدْرَكْتُمْ فَصَلُّوا وَمَا فَاتَكُمْ فَأَتِمُّوا " . قَالَ أَبُو دَاوُدَ كَذَا قَالَ الزُّبَيْدِيُّ وَابْنُ أَبِي ذِئْبٍ وَإِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ وَمَعْمَرٌ وَشُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ عَنِ الزُّهْرِيِّ " وَمَا فَاتَكُمْ فَأَتِمُّوا " . وَقَالَ ابْنُ عُيَيْنَةَ عَنِ الزُّهْرِيِّ وَحْدَهُ " فَاقْضُوا " . وَقَالَ مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ وَجَعْفَرُ بْنُ رَبِيعَةَ عَنِ الأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ " فَأَتِمُّوا " . وَابْنُ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَأَبُو قَتَادَةَ وَأَنَسٌ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم كُلُّهُمْ قَالُوا " فَأَتِمُّوا " .

বাংলা

৫৭২. আহমদ ইবনু সালেহ্ ..... আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছিঃ যখন নামাযের জন্য ইকামত দেয়া হয় তখন তার জন্য (জামাআতে শরীক হওয়ার জন্য) তোমরা শান্ত ও স্বাভাবিক গতিতে হেটে যাও, দৌঁড়িয়ে যেয়ো না। অতঃপর তোমরা ইমামের সাথে যা পাও (যত রাকাত নামায পাও) তা আদায় কর এবং যা না পাও তা পরে পূরণ কর। (বুখারী, মুসলিম, ইবনু মাজাহ, নাসাঈ তিরমিযী)।

ইমাম আবূ দাউদ বলেন, আয-যুবায়দী, ইবনু আবূ যি’ব, ইবরাহীম ইবনু সা’দ, মুআম্মার, শুআয়েব ইবনু আবূ হামযা-যুহরী হতে বর্ণনা করেছেন যে, তোমরা যে নামায না পাও তা পরে পূরণ করবে। ইবনু উয়ায়না কেবলমাত্র যুহরী হতে এইরূপ বর্ণনা করেছেন যে, “তোমরা আদায় করবে।” মুহাম্মাদ ইবনু আমর-আবূ সালামা হতে, তিনি আবূ হুরায়রা (রাঃ) হতে এবং জাফর ইবনু রবীআ (রহঃ) আল-আরাজ হতে, তিনি আবূ হুরায়রা (রাঃ) হতে এরূপ

বর্ণনা করেছেন যে, “তোমরা তা পূর্ণ করবে।”

ইবনু মাসউদ (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে এবং আবূ কাতাদা ও আনাস (রাঃ) প্রমুখ সকলেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে এরূপ বর্ণনা করেছেন “তোমরা নামায পূর্ণ কর।”

## English

Abu Hurairah said:
I heard the Messenger of Allah( may peace be upon him) say: When the iqamah is pronounced for prayer, do not come to it running, but come walking(slowly). You should observe tranquility. The part of the prayer you get(along with the imam) offer it, and the part you miss complete it(afterwards).

Abu Dawud said: The version narrated by al-Zubaidi, Ibn Abi Dhi’b, Ibrahim b. Sa’d, Ma’mar, Shu’aib b. Abi Hamzah on the authority of al-Zuhri has the words: “the part you miss then complete it”. Ibn ‘Uyainah alone narrated from al-Zuhri the words “then offer it afterwards”. And Muhammad b. ‘Amr narrated from Abu Salamah on the authority of Abu Hurairah, and Ja’far b. Rabi’ah narrated from al-A’raj on the authority of Abu Hurairah the words “then complete it”. And Ibn Mas’ud narrated from the Prophet(ﷺ) and Abu Qatadah and Anas reported from the Prophet( may peace be upon him) the words” then complete it”.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন